

ইউনেস্কোর প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ইত্তেফাক রিপোর্ট ১। ইউনেস্কোর ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে জাতীয় ইউনেস্কো ক্লাব এসোসিয়েশন ও ইউনেস্কো জাতীয় কমিশনের যৌথ উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকার বলেন, আমাদের মত উন্নয়নশীল দেশে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার পাশাপাশি উচ্চ শিক্ষাও প্রয়োজন। তিনি বলেন, ইউনেস্কো গত ৪৮ বৎসর যাবৎ আর যুদ্ধ নয় শান্তির জন্য শিক্ষাসহ মানব কল্যাণে কাজ করিয়া যাইতেছে।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর মোঃ শাহজাহানের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বক্তৃতা করেন ইউ এন ডিপিআর প্রতিনিধি রিচার্ড ডিকটাস, অধ্যাপক নুরুল মোমেন ও মাহবুব উদ্দিন চৌধুরী। মূল প্রবন্ধ পাঠ করেন অধ্যাপিকা মাহুদা এম, রশিদ চৌধুরী। প্রফেসর মোঃ শাহজাহান বলেন, ইউনেস্কোর উদ্দেশ্য হইল শিক্ষার মাধ্যমে শান্তি আনিতে হইবে। কিন্তু বাস্তবে দেখা যায়, বেশী শিক্ষিত দেশ ও জাতি প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে বেশী যুদ্ধ বাধাইতেছে। তিনি দেশে সকলের জন্য মৌলিক শিক্ষার প্রয়োজনীয়তা উল্লেখ করিয়া বলেন, বর্তমানে এই শিক্ষা ব্যবস্থা যেই হারে আগাইতেছে সেই হারে আগাইলে সকলের জন্য মৌলিক শিক্ষার ব্যবস্থা করিতে ১২টি স্তেনারেশনের প্রায় ৭ শত বৎসর লাগিয়া যাইবে।